GAM GENDER WITH AGE MARKER
IMPROVING HUMANITARIAN EFFECTIVENESS

জিএএম (GAM)কে আইএএসসি জেনক্যাপ (IASC GenCap) প্রজেক্ট জেন্ডার সমতা প্রগ্রামিঙের একটি টুল হিসেবে ব্যবহার করে, যা জেনক্যাপ (GenCap) পরামর্শকরা তাদের কাজের ক্ষেত্রে ব্যবহার করে থাকেন।

এক নজরে জিএএম (GAM)

আইএএসসি (IASC) জেন্ডার উইথ এজ মার্কার (GAM) হলো এমন একটি টুল যা মানবিক সাড়াদান প্রকল্পের আওতায় গৃহীত প্রগ্রামের ক্ষেত্রে জেন্ডার ও বয়সভিত্তিক পার্থক্যগুলোকে বুঝতে সাহায্য করে। আইএএসসির আগের জেন্ডার মার্কারকে আরও শক্তিশালী করার অনুরোধের ভিত্তিতে এই টুলটি তৈরি করা হয়, যাতে বয়সকে একটি সূচক হিসেবে গ্রহণ করার পাশাপাশি মনিটরিংকে একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে যোগ করা হয়। এটি এমন একটি গুরুত্বপূর্ণ লার্নিং ও সেল্ফ মনিটরিং টুল, যা গৃহীত প্রগ্রামের কার্যকারিতা পরিমাপের পাশাপাশি বৈচিত্রের সবগুলো দিকের প্রতি লক্ষ্য রাখে এমন প্রগ্রাম তৈরিতে সংস্থাগুলোকে সাহায্য করে।
প্রজেক্ট প্রস্তাবনার ক্ষেত্রে ২০০৯ সাল থেকে ব্যবহৃত আইএএসসি জেন্ডার মার্কারের পরিবর্তে হিউম্যানিটারিয়ান প্ল্যানিং সাইকেল (এইচপিসি) ২০১৯-এর সাথে এই জিএএম ব্যবহৃত হতে শুরু করে। ফিন্যান্সিয়াল ট্র্যাকিং সিস্টেম (এফটিএস)-এর ক্ষেত্রেও এই টুল একইভাবে ব্যবহৃত হবে। এবং সদস্য দেশগুলোকে পরামর্শ দেয়া হয়েছে তারা যেন আইএএসসি জেন্ডার উইথ এজ মার্কারের মাধ্যমে এফটিএস-এ রিপোর্টকারী এবং এর সাথে মনিটরিং ডাটার ভিত্তিতে এই মার্কারটি আপডেটকারী ফান্ডিং পার্টনারদেরকেই কেবল ফান্ড দেয়।

জিএএম (GAM) কি চায়?

জিএএম (GAM) প্রগ্রামের ক্ষেত্রে ১২টি অত্যারশ্যকীয় উপাদানের, যেগুলো **জেন্ডার ইক্যুয়ালিটি মেজারস বা জিইএম** (GEM) নামে পরিচিত, ভিত্তিতে প্রজেক্ট মূল্যায়ন করে।
চারটি মূল জিইএম (GEM)-এর প্রতিটির জন্য দুটি করে সাপোর্টিং জিইএম আছে, যেগুলো প্রজেক্ট মনিটরিঙের সময় বিবেচনা করা হয়। এর ফলে প্রজেক্টের কোন দিকটি ভালোভাবে চলছে আর কোন দিকটি আরও উন্নত করা যায়, তা প্রতিফলিত হয়।
মূল প্রগ্রাম এ্যাকশন সঠিক পথে আছে কিনা তা খুঁজে বের করে জিএএম (GAM)। **ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী প্রগ্রামে অংশ নিতে এবং একটি প্রজেক্টের প্রতিটি**

পর্যায়ে প্রভাব রাখতে পারছে কিনা তার উপর ভিত্তি করে বোঝা যায় প্রগ্রাম ভালোভাবে চলছে কিনা।

প্রগ্রামগুলো যৌক্তিভাবে পরিচালিত হওয়া উচিত এই ধারাবাহিকতায়- প্রথমে জেন্ডারভিত্তিক চাহিদা বিশ্লেষণ, এরপর এই বিশ্লেষণের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ এবং এগুলো গ্রহণের ফলে শেষপর্যন্ত কারা উপকৃত হচ্ছে তা বের করা। জিএএম (GAM) কোডিং এসব এ্যাকশনের উপস্থিতি ও ধারাবাহিকতাকে প্রতিফলিত করার পাশাপাশি জেন্ডার ও বয়সকে প্রগ্রামের মধ্যে অন্তর্ভুক্ত করে।

প্রজেক্ট *তৈরির পর্যায়ে* চারটি মূল জিইএম (GEM)কে গুরুত্ব দেয়া হয়।

প্রজেক্ট তৈরির পর্যায়	*মনিটরিং পর্যায়*	
এ. জেন্ডার এনালাইসিস বিভিন্ন বয়সী নারী, মেয়ে, ছেলে ও পুরুষের চাহিদা, ভূমিকা ও ক্ষমতাকাঠামো বোঝা যায়	বি. এসএডিডি সংগৃহীত ও বিশ্লেষিত বিভিন্ন ধরনের জনগোষ্ঠীকে গণনায় নেয়া হয়েছে	সি. সঠিক টার্গেট করা হয়েছে সম্পদ সঠিক জনগোষ্ঠীর কাছে যাচ্ছে
ডি. সমন্বিত কার্যক্রম বিভিন্ন বয়সসীমার নারী, মেয়ে, ছেলে ও পুরুষরা সঠিক সম্পদ পাচ্ছে	ই. জিবিভি থেকে সুরক্ষা জনগোষ্ঠী আগের তুলনায় নিরাপদ	এফ. অন্যদের সাথে সমন্বয় অন্যান্য সেক্টর ও সেক্টর সদস্যদের সাথে সমন্বয়
জি. প্রজেক্টের উপর প্রভাব প্রজেক্ট চলার সময় যথাযথ বয়সসীমার নারী, মেয়ে, ছেলে ও পুরুষরা সিদ্ধান্ত প্রভাবিত করতে পারছেন	এইচ. ফিডব্যাক ও অভিযোগ জনগোষ্ঠী অভিযোগ করতে পারে এবং সেগুলো শোনা হয়	আই. স্বচ্ছতা জনগোষ্ঠী প্রয়োজনীয় তথ্য পাচ্ছে
জে. সুবিধাপ্রাপ্তি বিভিন্ন বয়সসীমার নারী, মেয়ে, ছেলে ও পুরুষরা বিভিন্ন ধরনের সুবিধা পাচ্ছে	কে. সন্তুষ্টি বিভিন্ন ধরনের জনগোষ্ঠী সন্তুষ্ট	এল. প্রজেক্টের সমস্যা সমস্যাগুলো জানা গেছে এবং সেগুলোকে গণনায় নেয়া হচ্ছে

মূল জিইএম (GEM)   সহযোগী জিইএম (GEM)

জিএএম (GAM) **কিভাবে কাজ করে? স্বয়ংক্রিয় কোডিং**

জিএএম (GAM) প্রজেক্টগুলোকে ০ থেকে ৪ স্কেল কোডে ভাগ করে এবং সে অনুযায়ী প্রজেক্টের সাড়াদানের সক্ষমতা ও এর ধারাবাহিকতাকে উন্নত করতে কিছু সহজ পরামর্শ দেয়। বহুনির্বাচনী প্রশ্নের উত্তরের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে এসব কোড চলে আসে।

প্রতিটি জিইএম (GEM) কোড প্রয়োজনীয় প্রগ্রাম এ্যাকশন অথবা পদক্ষেপ এবং জেন্ডার ও বয়সসীমার ভিত্তিতে নির্ধারিত হয়। যদি তিনটি প্রশ্নেরই উত্তর থাকে তবে স্বয়ংক্রিয়ভাবে প্রজেক্টটির জিইএম (GEM) কোড হয় ৪। যদি কোনোটিরই উত্তর না থাকে তবে কোড হয় ০।

যদি ৩ অথবা ৪টি মূল জিইএম (GEM)-এর কোড একই হয়, তবে প্রজেক্টের জিএএম (GAM) কোড স্বয়ংক্রিয়ভাবে ওই একই জিইএম (GEM) কোড হয়। যদি দুই কিংবা ততোধিক জিইএম (GEM) কোড ০ হয়, তবে জিএএম (GAM) হয় ০।

প্রজেক্টের সামগ্রীক জিএএম (GAM) কোড আসে স্বতন্ত্র জিইএম (GEM) কোড থেকে এবং তা জিইএম (GEM)গুলোর মাধ্যমে পাওয়া প্রগ্রামিঙের দৃশ্যমান ধরনের প্রতিনিধিত্ব করে।

কনটেন্ট	**কোড**	**প্রগ্রামের কেন্দ্রবিন্দু**		
		এম **জেন্ডার মেইনস্ট্রিমিং** যেখানে প্রত্যেকেই টার্গেট	**টি** **টার্গেট এ্যাকশন** সুনির্দিষ্ট একটি গ্রুপকে টার্গেট	**Ø** **প্রযোজ্য নয়**
জেন্ডার + বয়স + এ্যাকশন*	**৪**	প্রতিটা বয়সসীমার জেনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে জেন্ডার সমতা আনতে ভূমিকা রাখার সম্ভাবনা	প্রগ্রামের মূল উদ্দেশ্য হলো প্রতিটা বয়সসীমার জেনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে জেন্ডার সমতা	প্রয়োজন আছে এমন জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত হয় না কিংবা তাদের ওপর কোনো প্রভাব

		বেশি	বৃদ্ধি করা	রাখতে পারে না
জেন্ডার + এ্যাকশন	**৩**	প্রতিটা বয়সসীমার জেনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত না করেও জেন্ডার সমতা আনতে ভূমিকা রাখার সম্ভাবনা বেশি	প্রতিটা বয়সসীমার জেনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত না করেও জেন্ডার সমতার বিষয়টিকে সামনে আনার দিকে প্রধানত লক্ষ্য রাখে	প্রয়োজন আছে এমন জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত হয় না কিংবা তাদের ওপর কোনো প্রভাব রাখতে পারে না
বয়স + এ্যাকশন	**২**	জেন্ডার সমতায় ভূমিকা রাখার সম্ভাবনা কম	অসমতার বিষয়টিকে তুলে ধরলেও জেন্ডার সমতা আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে না	প্রয়োজন আছে এমন জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত হয় না কিংবা তাদের ওপর কোনো প্রভাব রাখতে পারে না
এ্যাকশন	**১**	জেন্ডার সমতায় ভূমিকা রাখার সম্ভাবনা কম	অসমতার বিষয়টিকে তুলে ধরলেও জেন্ডার সমতা আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ	প্রয়োজন আছে এমন জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত হয় না কিংবা তাদের ওপর কোনো প্রভাব রাখতে পারে

			করে না	না
নো এ্যাকশন	০	প্রগ্রামের সাথে নিয়মতান্ত্রিক উপায়ে সম্পৃক্ত হতে পারে না		

জিএএম (GAM) স্কেল স্কোর	প্রগ্রাম এ্যাপ্রোচ	*প্রগ্রামভিত্তিক এ্যাকশন, উপাদান কিংবা পদক্ষেপ

জিএএম (GAM)-এর ব্যবহার জিএএম (GAM) উচ্চমানের ডকুমেন্টের ক্ষেত্রেও ব্যবহার করা যায়। যেমন:	**এইচএনও** হিউম্যানিটারিয়ান নিডস ওভারভিউ	**এইচআরপি** হিউম্যানিটারিয়ান রেসপন্স প্ল্যান	**পিএমআর** পেরিয়ডিক মনিটরিং রিপোর্ট

নতুন! ওয়েবে পাওয়া যাচ্ছে জিএএম (GAM) টুল

জিএএম (GAM)-এর সবশেষ ভার্সনটি একটি ওয়েবভিত্তিক এ্যাপ্লিকেশন, যা ওসিএইচএ (OCHA) দ্বারা সমর্থিত। দুর্গম এলাকায় ব্যবহারের জন্য এটি অফলাইনেও পাওয়া যাবে। অনলাইন টুল হিসেবে এর ব্যবহার শুরু ২০১৮ সালের	**২০১৫-২০১৮** এক্সেল টুল	**২০১৮ থেকে** ওয়েবভিত্তিক এ্যাপ্লিকেশন	সুবিধাসমূহ: • বৃহত্তর উদ্দেশ্যে ব্যবহারযোগ্য • দেশ ও সংস্থাভিত্তিক বিশ্লেষণ ক্লাস্টার পর্যায়ে • প্রকৃত সহায়তার বিশ্লেষণ (কে সুবিধা পাচ্ছে, কে অংশ নিচ্ছে, এর পাশাপাশি সুরক্ষা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে)

মাঝামাঝি সময়ে।			

ডকুমেন্ট তৈরির তারিখ ২৩ মে ২০১৮
উৎস: আইএএসসি জেনক্যাপ (IASC GenCap)
যোগাযোগ: IASC-gam@un.org